

শিল্পী অমিয়া মতিনের ‘আশা পথ চাহি’ সিডি প্রকাশনা উৎসব অনুষ্ঠিত

।। সোনার বাংলা রিপোর্ট ।।

লিভারপুল পাবলিক লাইব্রেরী মিলনায়তনে গত ৯ ডিসেম্বর, শনিবার সন্ধ্যা ৬টায় নন্দিত শিল্পী অমিয়া মতিনের নজরুল গীতি সমৃদ্ধ ৫ম সিডির মোড়ক উন্মোচন উৎসব অনুষ্ঠিত হয়। ‘আশা পথ চাহি’ নামে সুরবানী সমৃদ্ধ সিডিটির মোড়ক উন্মোচন করেন বাংলাদেশ দূতাবাসের অনারারি কনসাল জেনারেল এ্যাঙ্কনী কুরি। লিভারপুল পাবলিক লাইব্রেরীর ছোট্ট মিলনায়তনটি ছিল কানায় কানায় পূর্ণ। সিডিনির অনেক পরিচিত, মেধাবী ও সাধারণ মানুষের ভিড়ে দৃষ্টিনন্দিত মঞ্চে সুকণ্ঠী অমিয়া মতিন সবাইকে সুরের জগতে নিয়ে যান।

প্রথম পর্বে অনুষ্ঠানের শুরুতেই স্থানীয় বিশিষ্ট ব্যক্তিবর্গের মধ্যে বক্তব্য রাখেন বাংলাদেশ এসোসিয়েশনের প্রথম সভাপতি ও গ্রামীণ সাপোর্ট গ্রুপ অস্ট্রেলিয়ার গ্রুপ প্রধান নজরুল ইসলাম, বঙ্গবন্ধু পরিষদ একাংশের সভাপতি ড. কাইউম পারভেজ, নাট্যকর্মী গোলাম মোস্তফা ও কিরণ প্রধান সহ অন্যান্যরা। বক্তব্য অনুষ্ঠানের পর শিল্পী অমিয়া মতিন সংক্ষেপে তার সঙ্গীত চর্চা ও শিল্পী জীবনের প্রাঞ্জল বর্ণনা দেন। শিল্পী অমিয়া মতিন তার সদ্যপ্রকাশিত সিডি থেকে হৃদয়স্পর্শী গান গেয়ে শোনান। গানের ফাঁকে ফাঁকে এই প্রজন্মের শিশুশিল্পী ও তরুনীরা নাচ পরিবেশন করে অনুষ্ঠানটিতে নতুন ব্যঞ্জনা দেয়। বিভিন্ন নজরুল সংগীতের সাথে নৃত্য পরিবেশন করে মাহিমা, ত্রোপা, প্রিয়েতা ও অরিত্রি।

এর পরেই ছিল নৈজভোজের বিরতি। উল্লেখ্য, ‘আলো’ নামের একটি সংগঠন অনুষ্ঠানে খাবার বিক্রি করে। উল্লেখ্য, বিক্রীত খাদ্যের অর্থ বাংলাদেশে দুস্থদের সাহায্যার্থে সংগঠনটি প্রেরণ করবে।

দ্বিতীয় পর্বে দর্শক-শ্রোতাদের অনুরোধের গান গেয়ে আসর জমিয়ে তোলেন অমিয়া মতিন। বলাবাহুল্য বাঙালি সংস্কৃতির অন্যতম প্রধান পুরুষ নজরুলের এই প্রবাসী চর্চা নিঃসন্দেহে একটি মাইল ফলক। এ প্রবাসের প্রশান্তপাড়ে ‘আশা পথ চাহি’ প্রকাশের ভেতর দিয়ে বাঙালি সংগীত প্রেমীদের আশা দ্বীপ শিখাটিকে আরও জ্বালিয়ে তুলেছেন এই নন্দিত শিল্পী। এই সিডিটির সংগীত প্রযোজনা ও নির্দেশনার দায়িত্বে ছিলেন কিরণ প্রধান। হিন্দী ভাষী কিরণ প্রধানের নজরুল গীতির সাথে বিপ্লবের মূল অনুগামী সংগীত প্রবাহ সবাইকে তাক লাগিয়ে দিয়েছে। অনুষ্ঠানটিকে স্বার্থক করার পেছনে ইন্টারনেট পত্রিকা ‘সিডিনিবাসী-বাংলা’র কর্ণধার জনাব আবদুল মতিন ও অন্যান্য সুধীজনের পরিশ্রম নিশ্চিত ভাবে সাফল্য লাভ করেছে।

সমগ্র অনুষ্ঠানটি চমৎকারভাবে উপস্থাপন করেন ডালিয়া নিলুফার। তাকে সহযোগিতা করেন সামিনা সুলতানা। শিল্পীকে কী-বোর্ডে সহযোগিতা করেন রবীন রাজবংশী, গীটারে কিরণ প্রধান ও তবলায় সহবত করেন রাশেদুল ইসলাম সুইটি।

আমরা শিল্পী অমিয়া মতিনের এই সদ্য প্রকাশিত সিডিটির বহুল প্রচার কামনা করি।